দুরাভাষ : ৫৩৮-২৬৬৪
৫৩৮-০২০৩
ফ্যাক্স : ৫৩৮-৬৪৪২

# মধ্যমগ্রাম পৌরসভা

## মধ্যমগ্রাম, উত্তর ২৪ পরগনা

## কোলকাতা : ৭০০ ১২৯

পত্রাঙ্ক নং -                                                                 তারিখঃ

# সাধারন পৌর বোর্ড মিটিং এর কার্য্যবিবরনী

সভা নং - ৬৭                                    সময়ঃ বেলা ৩.০০ টা
তাং - ৩০।০৮।২০২৫                              স্থানঃ পৌরসভা সভাকক্ষ

**আলোচ্য বিষয়ঃ**

(১) বিগত সভার (৬৫নং) কার্য্যবিবরনী পঠন ও অনুমোদন।
(২) PWD সংক্রান্ত কাজের পর্য্যালোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।
(৩) পানীয় জল ও বিদ্যুৎ সংক্রান্ত আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।
(৪) জনস্বাস্থ্য সংক্রান্ত আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।
(৫) কর্মচারীদের বোনাস, অনুদান সংক্রান্ত আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।
(৬) দুর্গাপূজার আগে ওয়ার্ড পরিষ্কার এবং চুন ও ব্লিচিং পাউডার ছড়ানো সংক্রান্ত আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।
(৭) নামজারিকরনের অনুমোদন।
(৮) বিবিধ।

**উপস্থিতিঃ**

* পৌরপ্রধানঃ শ্রী নিমাই ঘোষ
* উপপৌরপ্রধানঃ শ্রী প্রকাশ রাহা

**অন্যান্য কাউন্সিলরবৃন্দঃ**

* মহঃ নজরুল ইসলাম
* মাসতুরা সাহানি
* মহঃ জুম্মান আলী
* শ্রীমতী মমতা রায় সেন
* শ্রীমতী অনিতা মুখার্জী
* শ্রীমতী কনিকা দেবনাথ
* শ্রী পঙ্কজ কান্তি চন্দ
* শ্রী সুভাষ ব্যানার্জী
* শ্রীমতী সুমিতা ঘোষ
* শ্রী অরবিন্দ মিত্র
* শ্রীমতী প্রিয়াঙ্কা মল্লিক
* শ্রীমতী পিঙ্কি ঘোষ
* শ্রী সুশান্ত রায়
* শ্রী সুকুমার মন্ডল
* শ্রীমতী রাধারানী দত্ত
* শ্রী সুব্রত দাস
* শ্রী প্রহ্লাদ কুমার দত্ত
* শ্রী অলোক সাহা
* শ্রীমতী বৈশালী ব্যানার্জী
* শ্রীমতী কৃষ্ণা সেনগুপ্ত
* শ্রী সঞ্জয় মন্ডল
* শ্রী অরুপ কুমার ঘোষ
* শ্রীমতী সুতপা ব্যানার্জী

মধ্যমগ্রাম পৌরসভা উত্তর ২৪ পরগনা মধ্যমগ্রাম

**অন্যান্য উপস্থিতিঃ** শ্রী রাজেন্দ্র নাথ মাহাত- নির্বাহী আধিকারিক
শ্রী প্রসুন ঘোষ - অর্থ আধিকারিক

মাননীয় পৌরপ্রধান শ্রী নিমাই ঘোষ মহাশয় সভায় সভাপতিত্ব করেন।

জিরো আওয়ারে শ্রী অলোক সাহা বলেন প্রাক্তন পৌরপ্রধান শ্রী মিহির দাশগুপ্ত অসুস্হতা নিয়ে পৌরসভা পরিচালিত মাতৃসদনে ভর্ত্তি আছেন। চিকিৎসা চলছে। পৌরপ্রধান হাসপাতালে গিয়ে তাঁকে দেখে এসেছেন। তাঁর চিকিৎসা সংক্রান্ত ব্যয় মকুব করেছেন। তাঁকে ধন্যবাদ জানাচ্ছি। কিন্তু এই কদিনে বারে বারে যাওয়াতে কতকগুলি বিষয়ে আমি আলোকপাত করছি। পর্দা খুলে যাচ্ছে। নোংরা হয়ে আছে। কম্বল / চাদর নোংরা। আসবাবপত্র, বালিশ, পর্দা এগুলো সবসময় পরিষ্কার থাকা উচিত, এটা দেখা দরকার।হাসপাতাল সম্বন্ধে রোগী এবং তাঁর পরিবারের সদস্যদের ভুল ধারনা তৈরী হচ্ছে। আমি যা বললাম তা আপনি সরেজমিনে দেখে প্রয়োজনীয় ব্যবস্হা গ্রহণ করলে খুশি হব।

মাননীয় পৌরপ্রধান শ্রী নিমাই ঘোষ মহাশয় বলেন ধন্যবাদ আপনাকে। আমরা পাবলিক সাজেশন চাই। Box আছে। সেখানেও লিখিত দিতে পারে। আমরা রোগীর স্বার্থে হাসপাতালের সুনাম বজায় রাখার চেষ্টা অবশ্যই করবো। কাউন্সিলর শ্রী পঙ্কজ কান্তি চন্দ দায়িত্বে আছেন। তিনিও বেশ কিছুদিন ধরে অসুস্হ ছিলেন। তাকে বিষয়টা Monitoring করে ব্যবস্হা নিতে বলেন । উপস্হিত বাকী সদস্যদের সাজেশন দিতে অনুরোধ করেন। রোগীর পরিবার যাতে ভালো বার্তা নিয়ে যায় এটা দেখা আমাদের সকলের কর্তব্য।

শ্রী অরূপ কুমার ঘোষ বলেন হাসপাতাল সম্বন্ধে অলোক বাবু যা বললেন সে বিষয়ে মাননীয় পৌরপ্রধানকেই সরেজমিনে তদন্ত করার জন্য প্রস্তাব দেন।

শ্রী পঙ্কজ কান্তি চন্দ বলেন পর্দা একটাও ছেঁড়া নেই। বেডশীট পরিষ্কার করার পর ব্যবহার করা হয়। আপনারা যে কেউ দেখে আসতে পারেন।

জিরো আওয়ার শেষ হলে মাননীয় পৌরপ্রধান শ্রী নিমাই ঘোষ মহাশয় বিগত সভার (৬৫ নং) কার্য্যবিবরনী অনুমোদনের জন্য প্রস্তাব দেন।

সভায় উপস্হিত সকল সদস্য কোনো প্রকার আপত্তি বা মতামত না জানানোয় বিগত সভার (৬৫নং) কার্য্যবিবরনী সম্পূর্ন অপরিবর্তিত অবস্হায় গৃহীত ও অনুমোদিত হল।

(২) PWD সংক্রান্ত কাজের পর্য্যালোচনা ও সিদ্ধান্ত গ্রহণঃ-

মাননীয় পৌরপারিষদ সদস্য শ্রী সুভাষ ব্যানার্জী মহাশয় বলেন সম্মানীয় মুখ্যমন্ত্রীর সুপারিশ অনুযায়ী বরাদ্দকৃত অর্থের (৪.৬৪ কোটি) Financial অনুমোদন পেয়েছি। ৩০ টি কাজের Scheme করা হয়েছে। উক্ত কাজগুলির দ্রুত টেন্ডার করা হবে। এজন্য মাননীয় মুখ্যমন্ত্রীকে পৌরবোর্ডের পক্ষ থেকে ধন্যবাদ জ্ঞাপন করার প্রস্তাব দেন। আরো বলেন মাননীয় খাদ্যমন্ত্রীর উদ্যোগে প্রায় ২২-২৩ কিলোমিটার MASTIC রাস্তার কাজ হয়েছে। আরো ৪ টি ওয়ার্ডে কাজ হবে। এজন্য মাননীয় খাদ্যমন্ত্রীকে পৌরবোর্ডের পক্ষ থেকে ধন্যবাদ জ্ঞাপন করার প্রস্তাব দেন। HFA 21-22 প্রকল্পে infrastructure development এর কাজের (State Share - Rs. 17075200.00 এবং ULB Share - Rs. 17075184.00) tender দ্রুত করা হবে বলে জানান। আরো বলেন MPLAD এর কাজের NIT No. WBMAD/MM/NIT - 58e/23-24, Sl. No. 2 তে ৩৪৯৩৫০.০০ টাকার যে বাড়তি কাজ হয়েছে তা ADP 23 - 24 (PWD দপ্তরে বরাদ্দকৃত পৌরতহবিল) হতে ব্যয় করা হবে। পাড়ায় সমাধান প্রকল্পে নাগরিকরা অগ্রাধিকারের ভিত্তিতে যে কাজের প্রস্তাব দিয়েছেন তা করা হবে।

শ্রীমতী মমতা রায় বলেন মাননীয় মুখ্যমন্ত্রীকে অবশ্যই পৌরবোর্ডের পক্ষ থেকে ধন্যবাদ দেওয়া উচিত। সাথে সাথে মাননীয় খাদ্যমন্ত্রী, পৌরপ্রধান, উপ-পৌরপ্রধান এবং পৌরপারিষদ সদস্য (PWD) কেও ধন্যবাদ জানানো উচিত।

সভায় উপস্থিত সকল সদস্য শ্রী সুভাষ ব্যানার্জী ও শ্রীমতী মমতা রায়ের প্রস্তাব সমর্থন করেন।

মাননীয় পৌরপ্রধান শ্রী নিমাই ঘোষ মহাশয় বলেন HFA Phase - 2 এর বাড়ী তৈরী সংক্রান্ত বিষয়ে গতসপ্তাহে SUDA তে Workshop হয়েছে। CIC PWD ও আধিকারিকরা Workshop এ উপস্থিত ছিলেন। পৌর অঞ্চলে যাদের কাঁচা বা টালির অথবা অ্যাসবেসটসের বাড়ী আছে তারা অনলাইনে আবেদন করতে পারবে। মহিলাদের নামে জমির দলিল, ট্যাক্স, পরচা থাকলে অগ্রাধিকার পাবে। অফলাইন এ কোন আবেদনপত্র জমা নেওয়া হবে না। সবটাই Online এ করতে হবে। BSK মাধ্যমে আবেদনপত্র জমা করতে হবে। কোন ওয়ার্ডের কবে জমা নেওয়া হবে এবং কি কি কাগজ লাগবে তা আপনাদের দিয়ে দেওয়া হবে।আরো বলেন ইতিমধ্যে যারা Offline এ আবেদন করেছিলেন তাদের তালিকা আপনাদের দেওয়া হয়েছে। তারা যাতে অগ্রাধিকার পায় তা দেখবেন।

শ্রী অলোক সাহা বলেন কি কি কাগজপত্র লাগবে তার একটি তালিকা করে দিলে ভাল হয়। আরো বলেন মাননীয় মুখ্যমন্ত্রীর সুপারিশ অনুযায়ী বরাদ্দকৃত অর্থে কি কি কাজ আছে তা জানবো কি ভাবে।

মাননীয় পৌরপারিষদ সদস্য শ্রী সুভাষ ব্যানার্জী মহাশয় বলেন সবটাই আপনাদের দেওয়া হবে।

সভায় নিম্নলিখিত সিদ্ধান্তগুলি গৃহীত হলঃ-

(১) মাননীয় মুখ্যমন্ত্রীর সুপারিশের ভিত্তিতে বরাদ্দকৃত অর্থে (৪.৬৪ কোটি) যে কাজ (৩০ টি) হবে তার financial approval পাওয়ায় দ্রুত tender করা হবে। এজন্য মাননীয় মুখ্যমন্ত্রীকে পৌরবোর্ডের পক্ষ থেকে ধন্যবাদ জানিয়ে চিঠি করা হবে। এছাড়াও মাননীয় খাদ্যমন্ত্রী, পৌরপ্রধান, উপ-পৌরপ্রধান, CIC (PWD) কে ধন্যবাদ জানানো হবে।

(২) HFA 21 - 22 প্রকল্পে infrastructure development এর কাজের (State Share - Rs. 17075200.00 এবং ULB Share - Rs. 17075114.00) tender করার সিদ্ধান্ত গৃহীত হল।

(৩) MPLADS অর্থে NIT No. WBMAD/MM/NIT - 58e/23-24, Sl. 2 এর কাজে যে বাড়তি ৩৪৯৩৫০.০০ টাকা ব্যয় হয়েছে তা ADP 23 - 24 (PWD দপ্তরে বরাদ্দকৃত পৌরতহবিল) হতে ব্যয় করার সিদ্ধান্ত গৃহীত হল।

(৩) পানীয় জল ও বিদ্যুৎ সংক্রান্ত আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণঃ-

মাননীয় পৌরপ্রধান শ্রী নিমাই ঘোষ মহাশয়ের প্রস্তাব অনুযায়ী নিম্নলিখিত tender গুলি অনুমোদিত হলঃ-

(i) Tender No. WBMAD/MM/WS/NIT - 10e/25-26, dt. 13.08.2025
(ii) Tender No. WBMAD/MM/WS/NIT - 11e/25-26, dt. 13.08.2025
(iii) Tender No. WBMAD/MM/WS/NIT - 12e/25-26, dt. 13.08.2025

(৪) জনস্বাস্থ্য সংক্রান্ত আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণঃ-

মাননীয় পৌরপারিষদ সদস্য জনাব নজরুল ইসলাম মহাশয় বলেন মশাবাহিত রোগ ডেঙ্গু প্রতিরোধের কাজ চলছে। মাঝেমধ্যে বিক্ষিপ্তভাবে কিছু ওয়ার্ডে ডেঙ্গু আক্রান্ত রোগী পাওয়া যাচ্ছে। আমাদের কর্মীরা তৎপরতার সাথে দেখছে।পূজার আগে যাতে নতুন করে কেউ আক্রান্ত না হন সেজন্য কর্মীদের কাজে নজর দিতে উপস্থিত সকল কাউন্সিলরদের অনুরোধ করেন। ২য় পর্যায়ে গাপ্পী মাছ পূজার পর দেওয়া হবে বলে জানান।

শ্রী অলোক সাহা বলেন VACANT LAND সম্বন্ধে ভাবনাচিন্তা করা দরকার।

শ্রী সুভাষ ব্যানার্জী মহাশয় বলেন VACANT LAND এ আবর্জনা ছিল। পৌরসভার বোর্ড লাগানোর তিনদিনের মধ্যে ফোন আসে। বলেছি ময়লা পরিষ্কার করার পর বোর্ড খুলে নেওয়া শুরু হবে। কিন্তু বাইরে কেউ বা কারা সুকৌশলে রটিয়ে দিল আমি জমি কেনা এবং দখল করার জন্য বোর্ড লাগিয়েছি। এরকমও হচ্ছে বলে জানান।

(৫) পূজার আগে কর্মচারীদের বোনাস, অনুদান ও ওয়ার্ড পরিষ্কার পরিচ্ছন্নতা সংক্রান্ত আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণঃ-

মাননীয় পৌরপ্রধান শ্রী নিমাই ঘোষ মহাশয়ের প্রস্তাব অনুযায়ী নিম্নলিখিত সিদ্ধান্তগুলি গৃহীত হলঃ-

(১) সরকারী আদেশনামা 1023-F(P2), dated 18/03/25 অনুযায়ী সকল স্থায়ী ও অস্থায়ী কর্মীদের পৌরতহবিল হতে বোনাস দেওয়া হবে।

(২) সরকারী আদেশনামা 1026(65)-F(P2), dated 18/03/25 অনুযায়ী সকল অবসরপ্রাপ্ত পৌরকর্মীদের পেনশন তহবিল হতে বোনাস দেওয়া হবে।

(৩) পৌরসভার বিভিন্ন দপ্তরের Computer ও Telephone পরিষ্কারের কাজে যুক্ত শর্মিষ্ঠা চ্যাটার্জী কে পূজা বাবদ ৩০০০.০০ (তিন হাজার) টাকা করে অনুদান পৌরতহবিল হতে দেওয়া হবে।

(৪) পৌরসভার প্রত্যেকটি ওয়ার্ডে মশার তেল Spray কর্মীদের পূজা বাবদ ৩০০০.০০ (তিন হাজার) টাকা করে অনুদান পৌরতহবিল হতে দেওয়া হবে।

(৫) পৌরসভায় কর্মরত ইলেকট্রিক মিস্ত্রীদের প্রত্যেককে পূজা বাবদ ২৫০০.০০ টাকা (দুই হাজার পাঁচশত) এবং টিউবওয়েল মিস্ত্রী ও হেল্পারদের প্রত্যেককে ২০০০.০০ (দুই হাজার) টাকা করে অনুদান পৌরতহবিল হতে দেওয়া হবে।

(৬) মিড-ডে-মিল রাঁধুনীদের প্রত্যেককে পূজা বাবদ ২০০০.০০ (দুই হাজার) টাকা করে অনুদান Mid-Day-Meal Account এর (Old Account) interest হতে দেওয়া হবে।

(৭) কৃষ্ণপল্লী শিশু শিক্ষা কেন্দ্রের সহায়িকাদের পূজা বাবদ ৩০০০.০০ (তিন হাজার) টাকা করে অনুদান পৌরতহবিল হতে দেওয়া হবে।

(৮) পৌরসভায় কর্মরত কমিশনভিত্তিক কর আদায়কারী প্রত্যেককে পূজা বাবদ ২০০০.০০ (দুই হাজার) টাকা করে অনুদান পৌরতহবিল হতে দেওয়া হবে।

(৯) NULM দপ্তরের ৯ জন CSP সদস্য এবং ৭ জন R.O. কে পূজা বাবদ ২০০০.০০ (দুই হাজার) টাকা করে অনুদান পৌরতহবিল হতে দেওয়া হবে।

(১০) আহার ক্যান্টিন এর কর্মীদের প্রত্যেককে পূজা বাবদ ৩০০০.০০ (তিন হাজার) টাকা করে অনুদান পৌরতহবিল হতে দেওয়া হবে।

(১১) পৌরসভা পরিচালিত "মা সারদা হোস্টেল" এর চারজন কর্মীর প্রত্যেককে পূজা বাবদ ২০০০.০০ (দুই হাজার) টাকা করে অনুদান পৌরতহবিল হতে দেওয়া হবে।

(১২) পৌরসভার Health Sub Centre এ কর্মরত অস্থায়ী sweeper দের প্রত্যেককে পূজা বাবদ ১৫০০.০০ (এক হাজার পাঁচ শত) টাকা করে অনুদান পৌরতহবিল হতে দেওয়া হবে।

(১৩) কঠিন বর্জ্য ব্যবস্থাপনার কাজে যুক্ত নির্মলবন্ধু , নির্মল সাথী, গাড়ীর চালক ও সহকারী এবং সদ্য নিযুক্ত কর্মীদের প্রত্যেককে পূজা বাবদ ১৫০০.০০ (এক হাজার পাঁচ শত) টাকা করে অনুদান পৌরতহবিল হতে দেওয়া হবে।

(১৪) কাউন্সিলর তহবিলের অর্থে কর্মরত সকল কর্মীদের পূজা বাবদ ১৫০০.০০ (এক হাজার পাঁচ শত) টাকা করে অনুদান পৌরতহবিল হতে দেওয়া হবে।

(১৫) মশাবাহিত রোগ ডেঙ্গু প্রতিরোধে কর্মরত সকল কর্মীকে পূজা বাবদ ২০০০.০০ (দুই হাজার) টাকা করে অনুদান পৌরতহবিল হতে দেওয়া হবে।

(১৬) পৌরসভার পাঁচ জন Honorary Health Worker 2024 - 25 আর্থিক বৎসরে ছয় মাসের কম কাজ করায় তাদের প্রত্যেককে পূজা বাবদ ২০০০.০০ (দুই হাজার) টাকা করে অনুদান পৌরতহবিল হতে দেওয়া হবে।

(১৭) Maa Canteen এ কর্মরত রাধুনীদের প্রত্যেককে পূজা বাবদ ১৫০০.০০ (এক হাজার পাঁচ শত) টাকা করে অনুদান পৌরতহবিল হতে দেওয়া হবে।

(১৮) জীবনানন্দ ভবনের সাফাইকর্মী গীতা মল্লিককে পূজা বাবদ ১৫০০.০০ (এক হাজার পাঁচ শত) টাকা করে অনুদান পৌরতহবিল হতে দেওয়া হবে।

(১৯) দুর্গাপ্রতিমা এবং কালী প্রতিমার বিসর্জন উপলক্ষে প্রতিবার নোয়াই খাল সহ পৌরএলাকার বিভিন্ন পুকুরে যে বন্দোবস্ত পৌরভার পক্ষ থেকে করা হয় এবারও তা করা হবে। সমস্ত ব্যয় পৌরতহবিল হতে বহন করা হবে।

(২০) পৌরসভায় বর্তমান বৎসরে যে সমস্ত কর্মী চুক্তিভিত্তিক এবং DAILY RATED (সাফাইকর্মী, স্প্রে কর্মী ও গাড়ীর চালক ও সহকারী) কাজে যোগদান করেছে তাদের প্রত্যেককে পূজা বাবদ ১৫০০.০০ (এক হাজার পাঁচ শত) টাকা করে অনুদান পৌরতহবিল হতে দেওয়া হবে।

(২১) পৌরসভা পরিচালিত UHWC তে কর্মরত ষোলোজন কর্মীর (Agency মারফৎ নিয়োজিত) প্রত্যেককে পূজা বাবদ ২০০০.০০ (দুই হাজার) টাকা করে অনুদান পৌরতহবিল হতে দেওয়া হবে।

(২২) পৌরসভায় কর্মরত ইলেকট্রিক মিস্ত্রী শৈলেন মন্ডল ও টিউবওয়েল মিস্ত্রী আশীষ ভট্টাচার্য্য কে ২০০০.০০ (দুই হাজার) টাকা করে অনুদান পৌরতহবিল হতে দেওয়া হবে

(৬) দুর্গাপূজার আগে ওয়ার্ড পরিষ্কার এবং চুন ও ব্লিচিং পাউডার ছড়ানো সংক্রান্ত আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণঃ-

মাননীয় CIC সদস্য জনাব নজরুল ইসলাম মহাশয়ের প্রস্তাব অনুযায়ী দুর্গাপূজা ও কালীপূজার আগে সমগ্র পৌরএলাকা পরিষ্কার পরিচ্ছন্ন রাখার জন্য প্রত্যেক ওয়ার্ডে ৫০০ কেজি চুন ও ১০০ কেজি ব্লিচিং পাউডার দেওয়া হবে।ওয়ার্ড পরিষ্কার, চুন ও ব্লিচিং পাউডার ছড়ানোর জন্য প্রত্যেক ওয়ার্ডে ১০০ জন করে শ্রমিক বরাদ্দ করা হল।এছাড়াও সোদপুর রোড, যশোহর রোড (নতুন ও পুরানো), বাদু রোড এবং এয়ারপোর্ট পাঁচিলের ধারে দপ্তরগত ভাবে কেন্দ্রীয়ভাবে পরিষ্কার করা হবে। সমগ্র ব্যয় পৌরতহবিল হতে করা হবে।

(৭) নামজারিকরনের অনুমোদনঃ-

মাননীয় পৌরপ্রধান শ্রী নিমাই ঘোষ মহাশয়ের প্রস্তাব অনুযায়ী নিম্নলিখিত ৫৩৪টি নামজারিকরনের আবেদনপত্র অনুমোদিত হল।

(৮) বিবিধঃ-

সভায় নিম্নলিখিত সিদ্ধান্তগুলি গৃহীত হলঃ-

(১) ডেঙ্গু প্রতিরোধ ও কঠিন বর্জ্য ব্যবস্হাপনায় নাগরিক সচেতনতা প্রচারে প্রত্যেক পূজা মন্ডপে ও জনবহুল এলাকায় মাইক প্রচার করা ও Flex (6" x 4") লাগানোর ব্যবস্হা নেওয়া হবে। পূজার দিনগুলিতে মন্ডপে মন্ডপে প্রচারের জন্য leaflet ছাপানো হবে। এছাড়াও SUDA র নির্দেশানুযায়ী ৭ টি পূজা মন্ডপে প্রচারের জন্য KIOSK তৈরী করা হবে। সেখানে পূজার দিনগুলিতে প্রচারের জন্য নির্মলসাথী ও ডেঙ্গু প্রতিরোধের কর্মীরা উপস্হিত থাকবেন। এছড়াও SUDA র নির্দেশানুযায়ী বিভিন্ন জনবহুল এলাকায় সচেতনতা প্রচারে বিভিন্ন সাইজের Flex লাগানো হবে।

(২) পৌরএলাকায় ছোট রাস্তাগুলিতে যে বাড়ি আছে তাদের Septic Tank পরিষ্কারর জন্য একটি Car Mounted ছোট Cesspool ক্রয় করা হবে। প্রয়োজনীয় ব্যয় 15th FC (Tied) তহবিল হতে করা হবে।

সভায় আর কোনো আলোচনা না হওয়ায় উপস্হিত সবাইকে ধন্যবাদ জানিয়ে মাননীয় পৌরপ্রধান শ্রী নিমাই ঘোষ মহাশয় সভার কাজের সমাপ্তি ঘোষনা করলেন।

ধন্যবাদান্তে,

পৌরপ্রধান
মধ্যমগ্রাম পৌরসভা

কার্য্যবিবরনী
মাননীয় / মাননীয়া
শ্রী / শ্রীমতী ______________________
কাউন্সিলর / উপ পৌরপ্রধান, ওয়ার্ড নং ________
এর নিকট প্রেরিত হল।

Executive Officer
Madhyamgram Municipality
North 24 Parganas

মধ্যমগ্রাম পৌরসভা
উত্তর ২৪পরগনা
মধ্যমগ্রাম